

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
কটিয়াদী, কিশোরগঞ্জ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং : ০৫.৪১.৪৮৪৫.০০১.৩০.২৩- ৭২৫

তারিখ: ০৫/০৯/২০২৩ খ্রিঃ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কটিয়াদী উপজেলা পরিষদ জামে মসজিদ পরিচালনা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদ জামে মসজিদ, কটিয়াদী, কিশোরগঞ্জ এর নিম্নবর্ণিত শূণ্য পদে নিয়োগের নিমিত্ত বর্ণিত শর্ত সাপেক্ষে প্রতিযোগিতা মূলক পরীক্ষার মাধ্যমে অস্থায়ী ভিত্তিতে বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট হতে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদবি	পদ সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১	মুয়াজ্জিন	১(এক) জন	আলোচনা সাপেক্ষে	ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসেবে ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে কিরাত-এর ওপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।।

শর্তাবলী:

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) বর্তমান ঠিকানা (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) শিক্ষাগত যোগ্যতা এবং (জ) অভিজ্ঞতা সংক্রান্ত সনদ সহ উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা পরিষদ জামে মসজিদ পরিচালনা কমিটি, কটিয়াদী, কিশোরগঞ্জ বরাবর আবেদন করতে হবে।
- দরখাস্তের সাথে নিম্ন লিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।  
(ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র (খ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গি ছবি।  
(গ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদের মূল কপি। (ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি। (ঙ) জাতীয় পরিচয়পত্রের কপি।
- প্রার্থীকে অবশ্যই আগামী ১২/০৯/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা পরিষদ জামে মসজিদ পরিচালনা কমিটি, কটিয়াদী, কিশোরগঞ্জ বরাবর ডাকযোগে অথবা সরাসরি আবেদন করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।
- আগামী ১২/০৯/২০২৩ খ্রি. আবেদন পত্র যাচাই বাছাই পূর্বক গ্রহণযোগ্য প্রার্থীদের তালিকা নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
- বাছাইকৃত যোগ্য প্রার্থীকে আগামী ১৩/০৯/২০২৩ খ্রিঃ পরীক্ষা দেয়ার জন্য সকাল-১০.০০ ঘটিকার মধ্যে সকল কাগজপত্রের মূল কপিসহ উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা পরিষদ জামে মসজিদ, কটিয়াদী, কিশোরগঞ্জ এর কার্যালয়ে উপস্থিত হতে হবে।
- কোনো প্রার্থী একাধিক আবেদন করতে পারবেন না। করলে বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন টি,এ/ডি,এ প্রদান করা হবে না।
- কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে ভবিষ্যতে তার নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- কোন কারণ দর্শনো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিলের করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- কোন প্রকার সুপারিশ/তদবীর প্রার্থীর অযোগ্যতা হিসেবে পরিগণিত হবে।

খানজাদা শাহরিয়ার বিন মান্নান  
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা পরিষদ জামে মসজিদ পরিচালনা কমিটি  
কটিয়াদী, কিশোরগঞ্জ

স্মারক নং : ০৫.৪১.৪৮৪৫.০০১.৩০.২৩- ৭২৫

তারিখ: ০৫/০৯/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- জনাব. . . . . সদস্য, উপজেলা পরিষদ জামে মসজিদ পরিচালনা কমিটি, কটিয়াদী, কিশোরগঞ্জ
- অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার  
কটিয়াদী, কিশোরগঞ্জ